

যুগ্মাত্মক

চারঘাটে রায়পুর উচ্চ বিদ্যালয়

প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্বীতির অভিযোগ

প্রকাশ : ০২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 চারঘাট (রাজশাহী) প্রতিনিধি

চারঘাট উপজেলার রায়পুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাজদার রহমানের বিরুদ্ধে অনিয়ম, দুর্বীতি, অর্থ আত্মসাং ও জাল সনদে চাকরি দেয়ার অভিযোগ উঠেছে। এসব ঘটনায় সম্প্রতি প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রায় ৮০ জন এলাকাবাসীর স্বাক্ষরিত একটি লিখিত অভিযোগ জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষাবিষয়ক বিভিন্ন দফতরসহ চারঘাট-বাঘার সংসদ সদস্য পররাষ্ট্র প্রতিমন্ত্রীর কাছে পাঠানো হয়েছে। অভিযোগ সূত্রে জানা গেছে, রায়পুর উচ্চ বিদ্যালয় ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন সাজদার রহমান। বিদ্যালয়টির পরিচালনা কমিটির সভাপতি করা হয় তারই পিতা আবদুর রহমানকে। এরপর থেকেই প্রধান শিক্ষক সাজদার রহমান জড়িয়ে পড়েন নানা অনিয়ম-দুর্বীতিতে। বিদ্যালয়টির সভাপতি তার পিতা হওয়ার সুবাধে নিয়ম বহিভৃতভাবে তিনি এফডিআর এ জমাকৃত ৫০ হাজার টাকা ও সাধারণ তহবিলে জমাকৃত ৩০ হাজার সর্বমোট ৮০ হাজার টাকা উত্তোলন করে আত্মসাং করেছেন। এছাড়াও অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান দারুণ ইহসান বিশ্ববিদ্যালয় থেকে সনদ নিয়ে অর্থের বিনিময়ে তার ছোট বোন সালমাকে সহকারী লাইব্রেরিয়ান পদে নিয়োগ দিয়েছেন। স্থায়ী নাগরিক ভারতীয় বাসিন্দা হওয়া সত্ত্বেও মোটা অক্ষের অর্থের বিনিময়ে সমশ্বেরকে মাওলানা পদে নিয়োগ দিয়েছেন তিনি। ক্ষমতার অপ্রয়বহার করে বিদ্যালয়ের জমি ও দোকানপাটের জামানতের টাকা বিদ্যালয় ফাঁড়ে জমা না করে তিনি পুরো টাকাই আত্মসাং করেছেন। অভিযুক্ত প্রধান শিক্ষক সাজদার রহমান হত্যা মামলার চার্জশিটভুক্ত আসামির কথা স্বীকার করে বলেন, আমার বিরুদ্ধে উপস্থাপিত সব ধরনের অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন। আমি কোনো টাকা-পয়সা আত্মসাং করিনি। এমনকি কাউকে নিয়মের বাইরে নিয়োগও দেয়নি। জেলা প্রশাসক মো. হামিদুল হক জানান, অভিযোগের বিষয়টি গুরুত্ব সহকারে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যন্মুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।